

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
শাখা-৭  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.moca.gov.bd](http://www.moca.gov.bd)

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.১১৬.১৭.১৭৩.২৩.৪৩১

তারিখ: ০৭ ভাদ্র ১৪৩১  
২২ আগস্ট ২০২৪

বিষয়ঃ ২০২৪-২৫ অর্থবছরে সাংস্কৃতিক প্রতিষ্ঠান এবং অসচ্ছল সংস্কৃতিসেবীদের অনুদান/ভাতা প্রদান কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে অনুসরণীয় নির্দেশাবলী।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় হতে ২০২৪-২৫ অর্থবছরে সাংস্কৃতিক প্রতিষ্ঠান এবং অসচ্ছল সংস্কৃতিসেবীদের অনুদান/ভাতা প্রদান কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সাংস্কৃতিক প্রতিষ্ঠান/অসচ্ছল সংস্কৃতিসেবীদের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করে জাতীয় দু'টি পত্রিকায় (দৈনিক যুগান্তর পত্রিকায় ১৯/০৮/২০২৪ তারিখ ও দৈনিক প্রথম আলো পত্রিকায় ২২/০৮/২০২৪ তারিখ) বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। চলতি ২০২৪-২৫ অর্থবছরে সাংস্কৃতিক প্রতিষ্ঠান ও অসচ্ছল সংস্কৃতিসেবী অনুদান প্রাপ্তির জন্য নির্ধারিত ফরমে ঢাকা মহানগরীর ক্ষেত্রে বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহাপরিচালক বরাবর এবং অন্যান্য জেলার ক্ষেত্রে নিজ নিজ জেলার জেলা প্রশাসক বরাবর আগামী ৩০/০৯/২০২৪ তারিখের মধ্যে অবশ্যই আবেদন করতে হবে।

০২। গত ২০২৩-২৪ অর্থবছরে কল্যাণ অনুদান খাত হতে ভাতাপ্রাপ্ত অসচ্ছল সংস্কৃতিসেবীদের তথ্যাবলী মন্ত্রণালয়ে সংরক্ষিত আছে। গত ২০২৩-২৪ অর্থবছরে উক্ত খাত হতে ভাতাপ্রাপ্ত অসচ্ছল সংস্কৃতিসেবীদের কোন আবেদন বা তালিকা মন্ত্রণালয়ে প্রেরণের প্রয়োজন নেই। গত অর্থবছরে ভাতাপ্রাপ্ত সংস্কৃতিসেবীদের মধ্যে থেকে ইতোমধ্যে যারা মৃত্যুবরণ করেছেন এবং যারা বরাদ্দকৃত ভাতা উত্তোলন করেননি তাদের তথ্য পৃথকভাবে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। শুধুমাত্র ২০২৪-২৫ অর্থবছরে ভাতা প্রত্যাশী নতুন অসচ্ছল সংস্কৃতিসেবীদের (যৌর গত অর্থবছরে ভাতা পায়নি) থেকে প্রাপ্ত আবেদন এ সংক্রান্ত ঢাকা মহানগর/জেলা কমিটি কর্তৃক যাচাই-বাছাইপূর্বক অগ্রাধিকারভিত্তিক সর্বোচ্চ ২০টি আবেদন প্রয়োজনীয় কাগজপত্রসহ জাতীয় কমিটির বিবেচনার নিমিত্ত আগামী ৩১/১০/২০২৪ তারিখের মধ্যে অবশ্যই মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

০৩। সাংস্কৃতিক প্রতিষ্ঠানের ক্ষেত্রে যে সকল প্রতিষ্ঠান গত অর্থবছরে অনুদান পেয়েছে সে সকল প্রতিষ্ঠান ২০২৪-২৫ অর্থবছরে অনুদান প্রাপ্তির জন্য আবেদন করলে এবং তাদের কার্যক্রম চলমান থাকলে কমিটি কর্তৃক যাচাই-বাছাইপূর্বক পৃথক তালিকায় মন্ত্রণালয়ে অগ্রায়ন করতে হবে এবং ২০২৪-২৫ অর্থবছরে অনুদান প্রত্যাশী নতুন সাংস্কৃতিক প্রতিষ্ঠান (যৌর গত অর্থবছরে অনুদান পায়নি) থেকে প্রাপ্ত আবেদন একই পদ্ধতিতে যাচাই-বাছাইপূর্বক অগ্রাধিকার ভিত্তিতে সর্বোচ্চ ২০টি নতুন আবেদন প্রয়োজনীয় কাগজপত্রসহ জাতীয় কমিটির বিবেচনার নিমিত্ত আগামী ৩১/১০/২০২৪ তারিখের মধ্যে অবশ্যই মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

০৪। উল্লেখ্য, আবেদনকারী প্রতিষ্ঠান/ব্যক্তির তথ্যাবলী নির্ধারিত ফরমে (ফরম মন্ত্রণালয়ের ওয়েবসাইট [www.moca.gov.bd](http://www.moca.gov.bd) এ পাওয়া যাবে) অবশ্যই NikoshBAN Font-এ টাইপ করে Microsoft Office Word Document File আকারে [sas7@moca.gov.bd](mailto:sas7@moca.gov.bd) এই ঠিকানায় E-mail এ প্রেরণ করতে হবে এবং Soft Copy CD আকারে সংশ্লিষ্ট কাগজপত্রসহ সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় (দু: আ: উপসচিব (শাখা-৭), কক্ষ নম্বর-১০০৬, তলা-১১, ভবন নম্বর-৬) বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর পৌছাতে হবে।

০৫। চলতি ২০২৪-২৫ অর্থবছরে সাংস্কৃতিক প্রতিষ্ঠান এবং অসচ্ছল সংস্কৃতিসেবীদের অনুদান/ভাতা প্রদান কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে বিজ্ঞপ্তিতে প্রকাশিত শর্তাবলী এবং উপরোক্ত নির্দেশাবলী অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাঃ  
(রাজীব কুমার সরকার)  
উপসচিব

ফোন: ৫৫১০০২৯০

ই-মেইল-[sas7@moca.gov.bd](mailto:sas7@moca.gov.bd)

১। মহাপরিচালক  
বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা।

২। জেলা প্রশাসক,.....।

৩। কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমি,.....।

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.১১৬.১৭.১৭৩.২৩.

তারিখ: ২২ আগস্ট ২০২৪

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. প্রোগ্রামার, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বর্ণিত পত্রটি মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, দেশের সকল জেলা প্রশাসকের কার্যালয় এবং সকল জেলা কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমি বরাবর ই-মেইলে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং মন্ত্রণালয়ে ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩. অতিরিক্ত সচিব (সা: ঐ:) এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অফিস কপি/গার্ড ফাইল।

২৪/৮/২৪